

Bankura University

BA 3rd Semester (Programme) Examination, 2021

বাংলা

Course Title: সংস্কৃত ও ইংরেজি সাহিত্যের ইতিহাস, ছন্দ ও অলঙ্কার

Course ID: 30119

Course Code: APBNG-303-C-MIL-2

সময়: ২ ঘন্টা

পূর্ণমান: ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

২ x ৫ = ১০

ক) বাণভট্ট কোন রাজার সভাকবি ছিলেন? তাঁর বিখ্যাত একটি রচনার নাম লেখো।

খ) রামায়ণ অবলম্বনে ভাসের লেখা দুটি নাটকের নাম উল্লেখ করো।

গ) “Truth is beauty, beauty truth”– এই উক্তিটি কার লেখা? তাঁর লেখা যে-কোনো একটি কবিতার নাম লেখো।

ঘ) ‘ইসাবেলা’ কার লেখা? কাব্যটির উৎস কী?

ঙ) অমিত্রাক্ষর ছন্দ বলতে কি বোঝো? বাংলা কবিতায় কে প্রথম এই ছন্দ ব্যবহার করেন?

চ) অতিপর্ব কাকে বলে? উদাহরণ দাও।

ছ) কাব্যে অলঙ্কার ব্যবহারের দুটি কারণ উল্লেখ করো।

জ) বিরোধভাস অলঙ্কারের সংজ্ঞাসহ উদাহরণ দাও।

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

৫ x ২ = ১০

ক) টীকা লেখো: মৃচ্ছকটিক

খ) শেলির কবিতার বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।

গ) ছন্দোলিপি প্রস্তুত করো:

বাঁশবাগানের মাথার উপর চাঁদ উঠেছে ওই,

মাগো আমার শোলোক-বলা কাজলা দিদি কই।

ঘ) ব্যাখ্যাসহ অলঙ্কার নির্ণয় করো:

মাথার উপরে ঞ্জলিছেন রবি, রয়েছে সোনার শত ছেলে।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

১০ x ২ = ২০

ক) ‘সংস্কৃত নাট্যসাহিত্যে ভাস অনন্য।’ –তাঁর নাটকগুলির বিষয়বস্তু ও রচনাসৈলীর আলোকে মন্তব্যটির যাথার্থ্য বিচার করো।

খ) “মূলত ইংরেজি সাহিত্যে রোমান্টিক ধারার প্রবর্তক হলেও উইলিয়াম ওয়ার্ডসওয়ার্থ প্রকৃতির কবি হিসাবেই সর্বাধিক পরিচিত।” --উইলিয়াম ওয়ার্ডসওয়ার্থের রচনার আলোকে মন্তব্যটি বিচার করো।

গ) দলবৃত্ত ছন্দ বলতে কি বোঝো ? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

ঘ) উপমা অলঙ্কারের সংজ্ঞা দাও। উদাহরণসহ উপমা অলঙ্কারের বিস্তারিত পরিচয় দাও।